সংবাদ

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# ভিকারুননিসাসহ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি কার্যক্রম শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজসহ ঢাকার বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। কোন প্রতিষ্ঠান ম্যানুয়ালি বা হাতে হাতে আবার কোনটি অনলাইনে ফরম বিতরণ করছে। ভিকারুননিসা নূন স্কুলে গতকাল সকাল ৬টা থেকে শুরু হওয়া এ কার্যক্রম চলবে আগামী ২২ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। আর ১৫ নভেম্বর ভর্তির ফরম বিতরণ কার্যক্রম শুরু হচ্ছে রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে।

এছাড়া উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজসহ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানে আজ ফরম বিতরণ শুরু হবে। প্রথম শ্রেণীতে এবারও লটারিতে ভর্তি এবং অন্যান্য শ্রেণীতে আগের মতোই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল নিজ প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম সংক্রান্ত এক সভা শেষে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. শাহান আরা বেগম জানান, 'গত বছর আমরা ১৭ নভেম্বর ভর্তি ফরম বিতরণ শুরু করি। এবার ১৫ নভেম্বর থেকে আবেদন ফরম বিতরণ শুরু হবে। চলবে ২৫ তারিখ পর্যন্ত। ২৭ তারিখ প্রথম শ্রেণীর ফরম জমা নেয়া হবে। আর অন্যান্য শ্রেণীর ফরম জমা নেয়া হবে পরীক্ষার দিন। যেদিন যে শ্রেণীর পরীক্ষা হবে সেদিন তাদের ফরম জমা দিতে হবে।' ভর্তির সকল তথ্য ওয়েবসাইটে (www.idealschoolandcollege.edu.bd) পাওয়া যাবে জানিয়ে ড. শাহান আরা বেগম জানান, 'প্রথম শ্রেণীর লটারি ও অন্যান্য শ্রেণীর ভর্তি পরীক্ষার সময়ও পরবর্তীতে জানিয়ে দেয়া হবে। এখানে আসন খালি থাকা সাপেক্ষে বিভিন্ন শ্রেণীতে ভর্তি করা হয়।'

আইডিয়াল স্কুলের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তি সংক্রান্ত সকল নির্দেশনা ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। যে সকল ছাত্রীর জন্ম ১ জানুয়ারি ২০১০ থেকে ৩১ ডিসেম্বর ২০১০-এর **শিক্ষাপ্রতিষ্ঠানে** : পৃষ্ঠা : ২ ক : ৪

## শিক্ষাপ্রতিষ্ঠানে : ভর্তি

(১৬ পৃষ্ঠার পর)

মধ্যে কেবল তারাই আবেদন করতে পারবে। ফরম জমা, সাক্ষাৎকারের তারিখ পরে জানিয়ে দেয়া হবে। লটারি অনুষ্ঠানের সূচিও পরবর্তী সময়ে সকল শাখায় নোটিশ বোর্ড ছাড়াও ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এদিকে রাজধানীর ৩৫টি সরকারি হাই স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু হবে ৩০ নভেম্বর রাত ১২টা ১ মিনিটে।

সরকারি-বেসরকারি হাইস্কুলে ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় পৃথক দুটি নীতিমালা জারি করেছে। এবারও ভর্তিতে 'এলাকা কোটা' অনুসরণ করা হবে। এক্ষেত্রে সরকার ভর্তির ফরম পূরণ ও ভর্তির ফি কাঠামোও নির্ধারণ করে দিয়েছে। ভর্তি কার্যক্রম লংঘন করলে নীতিমালায় শাস্তির বিধানও রাখা হয়েছে।

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ফরম গতকাল সকাল ৬টা থেকে অনলাইনে পাওয়া যাচ্ছে। ২২ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত যে কোন সময় আবেদন করা যাবে। ফরম ডাউনলোড করে সেখানেই পূরণ শেষে সাবমিট করতে হবে। আর ফি পাঠাতে হবে 'বিকাশ'র মাধ্যমে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য স্কুলের ওয়েবসাইটে (িি.িহংপ.বফঁ.নফ) দেয়া হয়েছে। ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সুফিয়া খাতুন বলেন, বেইলি রোডের প্রধান শাখাসহ আজিমপুর, বসুন্ধরা এবং ধানমন্ডি শাখায়ও এবার ভর্তি নেয়া হবে। সরকারি নীতিমালা অনুসরণ করে এলাকা কোটা ঠিক করে দেয়া হয়েছে। মূল শাখায় ১৯ ও ৩৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা এলাকা কোটার সুবিধা পাবেন। ধানমন্ডি শাখায় সিটি করপোরেশনের ১৫, ১৬, ১৭ নম্বর ওয়ার্ড, বসুন্ধরায় ভাটারা থানা এবং আজিমপুর শাখায় ২৩, ২৪, ২৫ ও ২৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা এলাকা কোটার সুবিধা পাবে। মিরপুরের মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজে গত ১০ নভেম্বর আবেদন ফরম বিতরণ শুরু হয়েছে। প্রথম শ্রেণীর আবেদন বিতরণ শেষ হবে ২২ নভেম্বর। অন্যান্য শ্রেণীতে ফরম বিতরণ শেষ হবে ১৩ ডিসেম্বর। বিস্তারিত তথ্য স্কুলের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। এলাকা কোটা প্রমাণে ফরমের সঙ্গে গ্যাস, পানি, বিদ্যুৎ বিলের যে কোন একটি জমা দিতে হবে। উইলস লিটল ফ্লাওয়ার স্কুল ও কলেজে আজ নার্সারি-কেজিসহ প্রাথমিক স্তরের ভর্তি ফরম বিতরণ শুরু হবে। ১০ ডিসেম্বর পর্যন্ত প্রাক-প্রাথমিক স্তর ও প্রথম শ্রেণীর এবং দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম ও অষ্টম শ্রেণীর ফরম ২০ ডিসেম্বর জমা দেয়া যাবে। বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (িি.িষভংপ.বফঁ.নফ) পাওয়া যাবে। ভর্তি ফরমের জন্য বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সনের ক্ষেত্রে ২০০ টাকা এবং ইংরেজি মাধ্যমের জন্য ৫০০ টাকা নেয়া হচ্ছে।

ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি গার্লস স্কুলে ১৫ নভেম্বর ফরম বিতরণ শুরু হবে। এবার প্রথম, দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, অষ্টম ও নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির পাশাপাশি নার্সারি এবং কেজি স্কুলেও ছাত্রী ভর্তি করা হবে। ১১ ডিসেম্বর পর্যন্ত প্রতি কার্যদিবসে সকাল সাড়ে ৮টা থেকে দুপুর ১টা ৪০ মিনিট পর্যন্ত অফিস থেকে ফরম সংগ্রহ করা যাবে। বনানী বিদ্যানিকেতনে ৩ নভেম্বর ফরম বিতরণ শুরু হয়েছে।